# তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনা ভিত্তিক ষান্মাসিক প্রতিবেদন।

## (জুলাই-ডিসেম্বর, ২০১৭)

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনা ভিত্তিক ষান্মাসিক (জুলাই-ডিসেম্বর, ২০১৭) প্রতিবেদন।

বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য একটি অনুকূল কর্মপরিবেশ সৃষ্টি করা এবং প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে লৈঙ্গিক সমতা প্রতিষ্ঠিত করার লক্ষ্যে উক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনা করার নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ডিসেম্বর ০১, ২০১১ তারিখে ডিওএস সার্কুলার নং-০৫ জারী করা হয়। উক্ত সার্কুলারের নির্দেশনার আলোকে দেশে কার্যরত তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক বিবরণীতে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের লৈঙ্গিক সমতা বিষয়ক সূচকসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অগ্রগতির চিত্র নিম্নরূপঃ

### ১) তফসিলী ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিক লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক পর্যালোচনাঃ

জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে দাখিলকৃত তফসিলী ব্যাংকসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, কর্মক্ষেত্রে মোট কর্মরতদের বিপরীতে নারী কর্মকর্তাদের হার প্রারম্ভিক/সূচনা, মধ্যবর্তী ও উচ্চ পর্যায়ে যথাক্রমে ১৫.৭১%, ১৪.৪২% ও ৭.৫৭%। প্রারম্ভিক/সূচনা ও মধ্যবর্তী পর্যায়ে নারী কর্মকর্তাদের অংশগ্রহণ বেশি হলেও কর্মক্ষেত্রের উচ্চ পর্যায়ে তাদের উপস্থিতির হার তুলনামূলকভাবে খুবই কম। অপরদিকে বয়সভিত্তিক পর্যালোচনা অনুযায়ী, ব্যাংকিং খাতে কর্মরত সকল বয়সের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কর্মক্ষেত্রে পঞ্চাশোর্ধ নারী কর্মকর্তাদের উপস্থিতির হারের (৬.৯৬%) তুলনায় অনূর্ধ্ব ত্রিশ বছর বয়সী নারী কর্মকর্তাদের হার (২০.৪৪%) প্রায় তিনগুণ। তাছাড়া পরিচালনা পরিষদের সদস্য হিসেবে নারীদের অংশগ্রহণ মাত্র ১৩.৭০%। চাকুরীক্ষেত্রে পুরুষ ও মহিলাদের কর্মসংস্থান বদলের হার বিশ্লেষণকালে বিশেষায়িত ব্যাংক এবং বিদেশী ব্যাংকের ক্ষেত্রে কর্মরত নারীদের মধ্যে কর্মসংস্থান বদলের হার বেশী পরিলক্ষিত হয়।

টেবিল-১ঃ জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে তফসিলী ব্যাংকসমূহের বিভিন্ন পর্যায়ে কর্মরত নারী কর্মকর্তাদের অংশগ্রহণের হার

| তফসিলী ব্যাংক | বোর্ড সদস্য | প্রারম্ভিক/সূচনা পর্যায় | মধ্যবর্তী পর্যায় | উচ্চ পর্যায় | <৩০ বছর বয়সী | ৩০-৫০ বছর বয়সী | >৫০ বছর বয়সী | মোট কর্মরত নারী কর্মকর্তাদের মধ্যে কর্মসংস্থান বদলের হার |
|---|---|---|---|---|---|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক | ২০.০০% | ১৫.৪০% | ১৫.১১% | ৮.৭৮% | ২৫.৪২% | ১৫.৯৩% | ৮.০৫% | ১.০০% |
| বিশেষায়িত ব্যাংক | ০% | ১১.৩৭% | ১১.০৭% | ৬.২৯% | ১৭.৩৪% | ২০.৩৪% | ৩.০৯% | ৮.৩৬% |
| বেসরকারী বাণিজ্যিক ব্যাংক | ১২.৮৩% | ১৬.১৩% | ১৪.৩২% | ৬.৩৩% | ১৯.২৩% | ১৪.৯৪% | ৭.৬৯% | ৩.৬৭% |
| বিদেশী ব্যাংক | ১৯.৩৫% | ২৫.২৪% | ১৯.৬৫% | ১৮.২৯% | ৩৩.১৩% | ১৯.৭০% | ১২.৫৯% | ১৩.৮৭% |
| সকল ব্যাংক | ১৩.৭০% | ১৫.৭১% | ১৪.৪২% | ৭.৫৭% | ২০.৪৪% | ১৫.৫৫% | ৬.৯৬% | ৩.৪৭% |

➢ কর্মক্ষেত্রে লৈঙ্গিক সমতা নিশ্চিতকল্পে ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের সার্বিক পর্যালোচনাঃ

- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে তফসিলী ব্যাংকসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক প্রতিবেদন অনুযায়ী নতুন প্রতিষ্ঠিত সীমান্ত ব্যাংক লিমিটেড ব্যতীত অন্য ৫৬টি ব্যাংক (৬টি রাষ্ট্রীয় মালিকানাধীন, ২টি বিশেষায়িত ব্যাংক, ৩৯টি বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও ৯টি বিদেশী ব্যাংক) ০৬(ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি কার্যকর করেছে।
- ২৮টি ব্যাংক (১টি রাষ্ট্রীয় মালিকানাধীন, ১টি বিশেষায়িত, ১৮টি বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও ৮টি বিদেশী ব্যাংক) লৈঙ্গিক হয়রানি বন্ধের সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে মর্মে জানা যায়।
- ১১টি ব্যাংক (১টি রাষ্ট্রীয় মালিকানাধীন, ১টি বিশেষায়িত, ৫টি বেসরকারী বাণিজ্যিক ব্যাংক ও ৪টি বিদেশী ব্যাংক) লৈঙ্গিক সমতা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে।
- ২৬টি ব্যাংক (৫টি রাষ্ট্রীয় মালিকানাধীন ও ২১টি বেসরকারী বাণিজ্যিক ব্যাংক) তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য সমন্বিতভাবে শিশু দিবাযত্ন কেন্দ্রের সদস্যপদ লাভ করেছে।
- নির্দিষ্ট কর্মঘন্টার পর নারী কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে ২৮টি ব্যাংকের নিজস্ব পরিবহন সুবিধা রয়েছে।

## ২) আর্থিক প্রতিষ্ঠানসমূহের জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিক ভিত্তিক লৈঙ্গিক সমতা বিষয়ক সূচক:

জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে দাখিলকৃত আর্থিক প্রতিষ্ঠানসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, কর্মক্ষেত্রে মোট কর্মরতদের বিপরীতে নারী কর্মকর্তাদের অংশগ্রহণের হার প্রারম্ভিক/সূচনা, মধ্যবর্তী ও উচ্চ পর্যায়ে যথাক্রমে ১৮.১৯%, ১৪.২৯% ও ৯.০৭%। তফসিলী ব্যাংকসমূহের ন্যায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও প্রারম্ভিক/সূচনা ও মধ্যবর্তী পর্যায়ে নারী কর্মকর্তাদের অংশগ্রহণ বেশি কেন্দ্রীভূত, কিন্তু উচ্চ পর্যায়ে তাদের উপস্থিতির হার তুলনামূলকভাবে খুবই কম। অপরদিকে বয়সভিত্তিক পর্যালোচনা অনুযায়ী, আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত সকল বয়সের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে কর্মক্ষেত্রে পঞ্চাশোর্ধ নারী কর্মকর্তাদের উপস্থিতির হারের (৬.১৬%) তুলনায় অনূর্ধ্ব ত্রিশ বছর বয়সী নারী কর্মকর্তাদের হার (২৩.৬৮%) প্রায় চারগুণ। এছাড়াও পরিচালনা পরিষদের সদস্য হিসেবে নারীদের অংশগ্রহণ মাত্র ১৭.০৩%।

টেবিল-২ঃ জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন পর্যায়ে কর্মরত নারী কর্মকর্তাদের অংশগ্রহণের হার

| বোর্ড সদস্য | প্রারম্ভিক/সূচনা পর্যায় | মধ্যবর্তী পর্যায় | উচ্চ পর্যায় | <৩০ বছর বয়সী | ৩০-৫০ বছর বয়সী | >৫০ বছর বয়সী |
|---|---|---|---|---|---|---|
| ১৭.০৩% | ১৮.১৯% | ১৪.২৯% | ৯.০৭% | ২৩.৬৮% | ১৩.৪৩% | ৬.১৬% |

### ➢ কর্মক্ষেত্রে লৈঙ্গিক সমতা নিশ্চিতকল্পে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের সার্বিক পর্যালোচনা:

- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক প্রতিবেদন অনুযায়ী, ৩৩টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৮টি আর্থিক প্রতিষ্ঠান ০৬(ছয়) মাসের মাতৃত্বকালীন ছুটি কার্যকর করেছে। অপর ০৫টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ০১টি আর্থিক প্রতিষ্ঠানে ০৪(চার) মাসের মাতৃত্বকালীন ছুটির প্রচলন রয়েছে এবং অবশিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে এ বিষয়ক তথ্য পাওয়া যায়নি।
- ০৯টি আর্থিক প্রতিষ্ঠানে লৈঙ্গিক হয়রানি বন্ধের সুনির্দিষ্ট নীতিমালা রয়েছে মর্মে অবহিত করেছে।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য কোন শিশু দিবাযত্ন কেন্দ্র নেই।
- ০৪টি আর্থিক প্রতিষ্ঠান জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে লৈঙ্গিক সমতা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে।
- নির্দিষ্ট কর্মঘন্টার পর নারী কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের সুবিধার্থে ২০টি আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন সুবিধা রয়েছে।

## ৩) জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাসিকে তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের লৈঙ্গিক সমতা বিষয়ক প্রতিবেদনসমূহের সার্বিক পর্যালোচনা:

- তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে পরিচালনা পরিষদের সদস্য হিসেবে নারীদের অংশগ্রহণ তুলনামূলকভাবে খুবই কম।
- তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত নারী কর্মকর্তাদের হার তুলনামূলকভাবে উচ্চ পর্যায়ের চেয়ে প্রারম্ভিক/সূচনা ও মধ্যবর্তী পর্যায়ে বেশী কেন্দ্রীভূত।
- বিআরপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ: মার্চ ২৮, ২০১৩ অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ০৬(ছয়) মাসে উন্নীত করার বিষয়টি উল্লেখ থাকলেও নতুন প্রতিষ্ঠিত সীমান্ত ব্যাংক লিমিটেড ছাড়া অন্য ৫৬টি ব্যাংক ও ২৮টি আর্থিক প্রতিষ্ঠান তা পরিপালন করেছে। তাছাড়া ০১টি আর্থিক প্রতিষ্ঠানে মাতৃত্বকালীন ছুটির মেয়াদ ০৬(ছয়) মাসের কম এবং অবশিষ্ট ০৪টি আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ বিষয়ক তথ্য পাওয়া যায়নি।
- জুলাই-ডিসেম্বর, ২০১৭ ষান্মাষিক পর্যন্ত ২৬টি তফসিলী ব্যাংক তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য প্রতিষ্ঠিত মতিঝিলস্থ শিশু দিবাযত্ন কেন্দ্রের সদস্য। কিন্তু আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনের কোন উদ্যোগ অদ্যাবধি গ্রহণ করা হয়নি।